



Total number of printed pages-4

14 (BEN-2) 2036

2022

BENGALI

Paper : BEN-2036

(New Syllabus)

(আধুনিক বাংলা গদ্যসাহিত্য ও কথাসাহিত্য)

Full Marks : 80

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও : $2 \times 8 = 16$

(ক) 'কাঁদি কাঁদি পাড়িয়া খাওয়ার অপরাধে যদি কেহ অপরাধী থাকে, তবে সে কুলীন ব্রাহ্মণেরা।'

উদ্ধৃতাংশ কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে ? কাঁদি কাঁদি পেড়ে কী খাওয়ার কথা বলা হয়েছে ?

(খ) 'উভয়েই অরণ্য মধ্যে প্রতিপালিতা' — উক্তিটি কার রচিত প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে ? এখানে কাদের কথা বলা হয়েছে ?

(গ) হরিদ্রাখামের জমিদারের নাম কী ? তাঁর সন্তানদের নাম লেখো।

(ঘ) ইহাকে কখনও ভুলিব না, কিন্তু তাই বলিয়া মরিব কেন ?

উক্তিটি বক্তা কে ? 'ইহাকে' বলতে সে কাকে বুঝিয়েছে ?

(ঙ) 'এই ব্যাপার লইয়া অনিরুদ্ধ এবং গিরিশের বিরুদ্ধে অসন্তোষের সীমা ছিল না।' এরূপ অসন্তোষের কারণ কী ?

(চ) 'ওরা সাপ হয়ে দংশায়, রোজা হয়ে ঝাড়ে।'

উক্তিটি কে কার সম্বন্ধে করেছে, লেখো।

(ছ) "আজ দুই বৎসর আমাদের বিবাহ হইয়াছে, এখনও একদিনের তরে পতিসেবা করিতে পাইলাম না।"

কাকে উদ্দেশ্য করে কে এমন উক্তি করেছে ?

(জ) 'নিশাচর স্বাপদের মতো তার অন্ধকারের সঙ্গেই আত্মীয়তা' — অংশটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে ? এখানে কার সম্পর্কে এরূপ মন্তব্য করা হয়েছে ?

২। যে কোনো চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও : $৬ \times ৪ = ২৪$

(ক) '.... এদেশে লাইব্রেরির সার্থকতা হাসপাতালের চাইতে কিছু কম নয়, এবং স্কুল-কলেজের চাইতে কিছু বেশি।'

প্রাবন্ধিকের এই মন্তব্যটির সপ্রসঙ্গ আলোচনা করো।

(খ) “যথাকালে পত্র গোবিন্দলালের হস্তগত হইল — কী ভয়ানক পত্র।”

কখন কার পত্র গোবিন্দলালের হস্তগত হয়েছিল? পত্রটি ভয়ানক কেন সপ্রসঙ্গ বুঝিয়ে লেখো। ২+৪=৬

(গ) উপন্যাসটির নাম ‘গণদেবতা’ রাখা হয়েছে কেন, লেখো।

(ঘ) ‘কুড়ানো মেয়ে’ গল্পের চতুর্থ পরিচ্ছেদের পত্রখানির বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(ঙ) ‘অযান্ত্রিক’ ছোটগল্পে যন্ত্র ও মানুষের বন্ধুত্বের স্বরূপ তুলে ধরো।

৩। (ক) “‘শকুন্তলা মিরন্দা এবং দেস্দিমোনা’ প্রবন্ধে কাব্য ও নাটকের মৌল পার্থক্যের ভিত্তিতেই বঙ্কিমচন্দ্র তাঁর মূল বক্তব্য উপস্থাপিত করেছেন।” আলোচনা করো। ১০

অথবা

(খ) ভারতচন্দ্রের কাব্য সম্পর্কে প্রমথ চৌধুরীর মতামত তোমার পঠিত ‘ভারতচন্দ্র’ প্রবন্ধে অবলম্বনে যথাযথভাবে বর্ণনা করো।

৪। (ক) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে গোবিন্দলালের চরিত্রটি বিশ্লেষণ প্রসঙ্গে তার ট্রাজিক পরিণতি আলোচনা করো।

১০

অথবা

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের রোহিণী ও ভ্রমর চরিত্রের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

৫। (ক) "নানাবিধ বৈশিষ্ট্যের সমন্বয় ঘটায় ফলে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'গণদেবতা' উপন্যাসটি মহাকাব্যিক রূপ লাভ করেছে।" মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করো।

১০

অথবা

(খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'গণদেবতা' উপন্যাসে 'দেবু' চরিত্রটির যে পরিচয় পাওয়া যায়, তা লিপিবদ্ধ করো।

৬। (ক) প্রেমেন্দ্র মিত্রের 'বিকৃত ক্ষুধার ফাঁদে' গল্পটির শিল্পমূল্য বিচার করো।

১০

অথবা

(খ) যাদের লজ্জা নিবারণের উপযুক্ত বস্ত্র নেই তাদের দুঃসহনীয় ও দুঃশাসনীয় লজ্জার নগ্ন চিত্র লেখক কীভাবে 'দুঃশাসনীয়' গল্পে তুলে ধরেছেন, ব্যক্ত করো।